B.A/5th Sem (H)/BEN/23(CBCS)

GARHBETA COLLEGE LIBRARY Estd.-1948

# 2023

# 5th Semester Examination

# BENGALI (Honours)

## Paper : DSE 2-T

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

## [জীবনী সাহিত্য ও পত্রসাহিত্য]

### বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। 'ছিন্নপত্র'র চিঠিগুলি রবীন্দ্রনাথ কাদের লিখেছিলেন?

২। 'ছিন্নপত্র'র ১৬ সংখ্যক পত্রটি কোথা থেকে লেখা হয়েছে? রচনাকাল উল্লেখ করো।

৩। 'ছিন্নপত্র'র ৩০ সংখ্যক পত্রে উল্লিখিত ঘটনাটি নিজের ভাষায় লেখো।

৪। 'ছিন্নপত্র'র ৮০ সংখ্যক পত্র অবলম্বনে রবীন্দ্রনাথের জীবনে কবিতার ভূমিকা নির্দেশ করো।

P.T.O.

৫। আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে' — উৎস উল্লেখ করে উদ্ধৃতিটির অর্থ লেখো।

৬। 'আপনকথা' কত সালে কোথা থেকে প্রকাশ পায়?

৭। 'আপনকথা'র অন্তর্গত প্রবন্ধগুলির নাম লেখো।

৮। সমশের কোচম্যানের মজলিশ কোথায় বসত? তার সাজসজ্জার বিবরণ দাও।

৯। 'সে তার বেমানান নাম নিয়েই এসেছিলো এ-বাড়িতে' — কার সম্পর্কে, কেন একথা বলা হয়েছে?

১০। 'আপনকথা'য় উল্লিখিত বঙ্কিমচন্দ্রের দুটি উপন্যাসের নাম লেখো।

১১। 'তৃণাঙ্কুর' গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে? এর প্রকাশকাল উল্লেখ করো।

১২। 'মায়া' শব্দটি নিয়ে বিভূতিভূষণের ভাবনাটি তোমাদের পাঠ্যাংশ অবলম্বনে বিবৃত করো।

১৩। 'তৃণাঙ্কুর'-এ উল্লিখিত দুটি বাংলা বইয়ের নাম লেখো।

১৪। সুনীতিবাবুর বাড়িতে কী কী জিনিস বিভূতিভূষণ দেখেছিলেন?

১৫। 'কোনোদিন এদের কোনো ভিত্তি নেই এক আমার কল্পনা ছাড়া' — কাদের কথা বলা হয়েছে?

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। 'ছিন্নপত্র'র ১০৬ সংখ্যক পত্রের বিষয়বস্তুটি লেখো।

১৭। 'পাঠ্যপত্রগুলি অবলম্বনে রবীন্দ্রনাথের গদ্যরীতির পরিচয় দাও।

১৮। 'সাইক্লোন' প্রবন্ধের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

১৯। পাঠ্যাংশ অবলম্বনে 'এ আমল' ও 'সে আমল'-এর তুলনা করো।

২০। 'তৃণাঙ্কুর' গ্রন্থে বিভূতিভূষণের সাহিত্যদর্শনের যে পরিচয় পাওয়া যায় সে সম্পর্কে লেখো।

২১। 'তৃণাঙ্কুর' গ্রন্থ অবলম্বনে বিভূতিভূষণের নাগপুর ভ্রমণের অভিজ্ঞতাটি নিজের ভাষায় লেখো।

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। 'ছিন্নপত্র'র পাঠ্যাংশ অবলম্বনে রবীন্দ্রনাথের প্রকৃতিচেতনার স্বরূপটি ব্যাখ্যা করো।

২৩। 'ছিন্নপত্র'র নির্বাচিত পত্রগুলি অবলম্বনে রবীন্দ্রনাথের মানবপ্রীতির পরিচয় দাও।

২৪। 'আপনকথা' গ্রন্থ অবলম্বনে জোড়াসাঁকোর ঠাকুরবাড়ির জীবনচিত্র উদ্ধৃতিসহ বিবৃত করো।

২৫। 'তৃণাঙ্কুর' অবলম্বনে বিভূতিভূষণের প্রকৃতিপ্রীতির পরিচয় দাও।

---

P.T.O.

অথবা

[বাংলা বিতর্কমূলক, সৌন্দর্যতত্ত্বমূলক
এবং বিজ্ঞান চেতনামূলক গ্রন্থপাঠ]

বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। বিদ্যাসাগর 'ব্রজবিলাস' কোন্ নামে লিখেছিলেন? এর রচনাকাল উল্লেখ করো।

২। 'ব্রজবিলাস'-এ কয়টি পরিচ্ছেদ আছে? পরিচ্ছেদগুলি কীভাবে উল্লিখিত হয়েছে?

৩। 'ব্রজবিলাস'-এ উল্লিখিত 'নারদ-সংহিতা'র শ্লোকটির প্রথম দুটি পংক্তি উদ্ধার করো।

৪। 'ব্রজবিলাস' — উল্লিখিত একটি প্রবাদ উদ্ধৃত করো।

৫। 'ব্রজবিলাস'-এর দ্বিতীয় পরিশিষ্টে উল্লিখিত কাহিনীটি সংক্ষেপে লেখো।

৬। 'দৃষ্টি ও সৃষ্টি' প্রবন্ধ অবলম্বনে বিভিন্ন প্রকার দৃষ্টির পরিচয় দাও।

৭। 'মানুষের চিরসহচরী এই কল্পনা ও স্মৃতি, শিল্পের দুই পার্শ্বদেবতা'— মন্তব্যটি বিশ্লেষণ করো।

৮। 'যা চরিত্রহীন তা অসুন্দর' — ব্যাখ্যা করো।

৯। 'মত' ও 'মন্ত্র'-এর পার্থক্যগুলি সূত্রাকারে লেখো।

১০। মধুকরের সঙ্গে রূপদক্ষের তুলনা কতদূর সঙ্গত তা তোমাদের পাঠ্যাংশ অবলম্বনে লেখো।

১১। 'অব্যক্ত' প্রবন্ধের অন্তর্গত রচনাগুলি কোন্ কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? তাদের নাম লেখো।

১২। 'অব্যক্ত' গ্রন্থের প্রথম চারটি প্রবন্ধের নাম উল্লেখ করো।

১৩। 'এ জগতে অসংখ্য ঘটনাবলীর মূলে তিনটি কারণ বিদ্যমান' — তিনটি কারণ উল্লেখ করো।

১৪। 'সেকাল ও একালের ব্যবধান ঘুচিয়া গেল' — উৎস উল্লেখ করে ব্যাখ্যা করো।

১৫। তোমাদের পাঠ্যগ্রন্থ অবলম্বনে আলোর সাধারণ প্রকৃতিটি সূত্রাকারে লেখো।

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। স্বার্থান্বেষী ব্রাহ্মণ সমাজের চাতুর্য 'ব্রজবিলাস' গ্রন্থে কীভাবে বর্ণিত হয়েছে তা লেখো।

১৭। 'ব্রজবিলাস' — রচনায় হাস্যরসের যে পরিচয় পাওয়া যায় পাঠ্যাংশ অবলম্বনে সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

১৮। ভাষার প্রয়োগে প্রত্যেকটি শিল্প কীভাবে স্বয়ংসম্পূর্ণ হয়েও পরস্পর সাপেক্ষ হয়ে থাকে তা 'শিল্প ও ভাষা' প্রবন্ধ অনুসরণে লেখো।

১৯। 'এই কায়দা ইন্দ্রিয়সকল লাভ করে অনেকদিনের শিক্ষা ও অভ্যাসে' — উৎস উল্লেখ করে মন্তব্যটি ব্যাখ্যা করো।

P.T.O.

২০। 'উদ্ভিদের জন্ম ও মৃত্যু' প্রবন্ধের মূল বক্তব্য সংক্ষেপে লেখো।

২১। মানুষের অধ্যবসায় কীভাবে তার জ্ঞানচর্চাকে ত্বরান্বিত করেছে তা 'মন্ত্রের সাধন' প্রবন্ধ অবলম্বনে ব্যাখ্যা করো।

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। 'বিধবাবিবাহ' প্রসঙ্গটি 'ব্রজবিলাস' গ্রন্থে যেভাবে বিবৃত হয়েছে সেটি তোমার নিজের ভাষায় লেখো।

২৩। 'সৌন্দর্যের সন্ধান" প্রবন্ধের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

২৪। 'অরূপ না রূপ' প্রবন্ধ অবলম্বনে শিল্প জিজ্ঞাসায় জগতে রূপ ও অরূপের যৌগপত্য বিষয়টি আলোচনা করো।

২৫। নিছক উদ্ভিদবিদ্যা নয়, বিশ্বচেতনা 'অব্যক্ত' গ্রন্থের উপজীব্য — মন্তব্যটি বিচার করো।

---

অথবা

[বাংলা ছোটগল্প, ভ্রমণ কাহিনি ও গোয়েন্দা কাহিনি পাঠ]

## বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। 'বেদেনী' গল্প অবলম্বনে শম্ভু বাজিকরের 'ভোজবাজি'র বর্ণনা করো।

২। 'রসময়ীর রসিকতা' গল্পে রসময়ীর নামে লেখা কটি চিঠি ক্ষেত্রমোহন পেয়েছিল? চিঠিগুলিতে কোন্ কালি ব্যবহার করা হয়?

৩। ভিখুর সঙ্গীর নাম কী? সে কাকে, কীভাবে হত্যা করেছিল?

৪। 'অশ্বমেধের ঘোড়া' গল্পে 'অশ্বমেধের ঘোড়া'-র তাৎপর্যটি সংক্ষেপে লেখো।

৫। 'হয়তো' গল্পের নায়ক ও তার বোনের নাম লেখো।

৬। 'মরুতীর্থ হিংলাজ' কার লেখা? তাঁর পূর্বাশ্রমে কী নাম ছিল?

৭। 'মরুতীর্থ হিংলাজ' উপন্যাসের চারটি চরিত্রের নাম লেখো।

৮। 'মরুতীর্থ হিংলাজ' উপন্যাসে কাহিনির শুরুতে কোন্ সাল ও মাসের উল্লেখ আছে?

৯। 'মরুতীর্থ হিংলাজ' উপন্যাসে যাত্রা কোথা থেকে শুরু হয়ে কোথায় গিয়েছিল?

P.T.O.

১০। 'মরুতীর্থ হিংলাজ' উপন্যাসে যে আখড়া থেকে যাত্রা শুরু হয়েছে তার ইতিহাস সম্পর্কে লেখক কী বলেছেন?

১১। 'সজারুর কাঁটা' কোন্ বিখ্যাত গোয়েন্দার গল্প? তাঁর বন্ধু ও সহকারীর নাম কী?

১২। খড়্গা বাহাদুর কে?

১৩। নৃপতি লাহার বাড়ির আড্ডায় যারা আসত তাদের নাম কী?

১৪। 'সজারুর কাঁটা' গল্পের অস্থায়ী চায়ের দোকানটি কোথায় অবস্থিত ছিল?

১৫। দেবাশিসের ফ্যাক্টরির নাম কী ছিল? তার পারিবারিক পরিচয় দাও।

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। 'প্রাগৈতিহাসিক' গল্পটি অবলম্বনে ভিখুর আদিম ও অসংস্কৃত জীবনের পরিচয় দাও।

১৭। 'বেদেনী' গল্প অবলম্বনে রাধিকা চরিত্রটি পর্যালোচনা করো।

১৮। 'মরুতীর্থ হিংলাজ' উপন্যাসে উর্বশী কে? কে তার এই নামকরণ করেছিল?

১৯। 'মরুতীর্থ হিংলাজ' উপন্যাসে সংক্ষেপে ভ্রমণপথের বর্ণনা দাও।

২০। 'সজারুর কাঁটা' উপন্যাসের দেবাশিস চরিত্রটির পরিচয় দাও।

২১। 'সজারুর কাঁটা' উপন্যাসের অপরাধী কে? তার হত্যাকর্মের উদ্দেশ্য কী ছিল? ১+৪

## বিভাগ - গ

যে-কোনো *দু'টি* প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। 'রসময়ীর রসিকতা' গল্পটিতে হাস্যরস ও রূঢ় বাস্তব একাধারে মিশে আছে — মন্তব্যটি বিচার করো।

২৩। 'অশ্বমেধের ঘোড়া' গল্পটিতে সামাজিক অবক্ষয়ের যে ইঙ্গিত আছে তা গল্পের ঘটনা ও চরিত্র অবলম্বনে বিশ্লেষণ করো।

২৪। ভ্রমণকাহিনি রূপে 'মরুতীর্থ হিংলাজ' কতখানি শিল্প-সার্থকতা লাভ করেছে তা বিচার করো।

২৫। 'সজারুর কাঁটা' গল্পে সত্যান্বেষী কীভাবে রহস্য উন্মোচন করলেন তা আনুপূর্বিক বিবৃত করো।

---

P.T.O.

অথবা

## [বাংলা রঙ্গমঞ্চ, সাময়িকপত্র ও অনুবাদ সাহিত্যের ইতিহাস]

### বিভাগ - ক

যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। অষ্টাদশ শতকে যে কৃষ্ণযাত্রা ছিল, তার নাম কী ছিল?

২। নাট্য নিয়ন্ত্রণ আইন কত খ্রিস্টাব্দে চালু হয়? এই আইনে নিষিদ্ধ হওয়া উপেন্দ্রনাথ দাসের দুটি নাটকের নাম লেখো।

৩। বেঙ্গল থিয়েটারের প্রতিষ্ঠাতা কে? এখানে প্রথম কার রচিত কোন্ নাটক অভিনীত হয়?

৪। বেলগাছিয়া নাট্যশালায় মঞ্চস্থ প্রথম নাটকটির নাম লেখো। নাটকটি কার লেখা এবং এর অনুবাদক কে ছিলেন?

৫। জোড়াসাঁকো থিয়েটার কত খ্রিস্টাব্দে কে প্রতিষ্ঠা করেন? এই থিয়েটারে প্রথম অভিনীত নাটক কোন্‌টি?

৬। 'দিগ্দর্শন' পত্রিকার প্রকাশকাল লেখো। এই পত্রিকার সম্পাদক কে ছিলেন?

৭। 'সাধনা' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের দুটি ছোটোগল্পের নাম লেখো।

৮। 'প্রগতি' পত্রিকার চারজন লেখকের নাম উল্লেখ করো।

৯। বাংলা সাহিত্যে 'কবিতা' পত্রিকার গুরুত্বের কারণ উল্লেখ করো।

১০। 'পূর্ব্বাশা' পত্রিকা কত সালে, কোথা থেকে প্রথম প্রকাশিত হয়? এর সম্পাদক কে ছিলেন?

১১। অনুবাদ সাহিত্য সৃষ্টির সম্ভাব্য দুটি কারণের উল্লেখ করো।

১২। কৃত্তিবাসের রামায়ণের অনুবাদে বাল্মীকি রামায়ণ বহির্ভূত দুটি প্রসঙ্গের উল্লেখ করো।

১৩। সপ্তদশ শতাব্দীর দু'জন মহাভারত অনুবাদকের নাম লেখো।

১৪। ফোর্ট উইলিয়াম কলেজের লেখকগোষ্ঠী রচিত দুটি অনুবাদমূলক রচনার প্রকাশকাল-সহ উল্লেখ করো।

১৫। রবীন্দ্রনাথের 'পুনশ্চ' কাব্যের অন্তর্গত 'তীর্থযাত্রী' কবিতাটির উৎস কবিতা কোন্‌টি? সেই কবিতার কবি কে ছিলেন?

## বিভাগ - খ

যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। কলকাতার বিলিতি থিয়েটারগুলিতে শেক্সপীয়রের কী কী নাটক অভিনীত হয়েছিল সে সম্পর্কে লেখো।

১৭। ন্যাশনাল থিয়েটার (১৮৭২) সম্পর্কে আলোচনা করো।

১৮। টীকা লেখো : 'বঙ্গদর্শন'।

১৯। 'শনিবারের চিঠি' পত্রিকার পরিচয় দাও।

২০। বাংলা সাহিত্যে অনুবাদ ধারার গুরুত্ব আলোচনা করো।

২১। আধুনিক বাংলা নাট্যধারায় গ্রীক নাটকের অনুবাদ সম্পর্কে লেখো।

P.T.O.

## বিভাগ - গ

যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। বাংলা নাট্যাভিনয়ে লেবেডফের গুরুত্ব সম্পর্কে লেখো।

২৩। বাংলা নাট্যমঞ্চে জোড়াসাঁকো নাট্যশালার গুরুত্ব কতখানি?

২৪। আধুনিক বাংলা সাহিত্যধারায় 'কল্লোল', 'কালিকলম', 'প্রগতি' পত্রিকার গুরুত্ব সম্পর্কে লেখো।

২৫। বিদ্যাসাগর রচিত অনুবাদমূলক রচনাগুলির পরিচয় দাও।

---

GARHBETA COLLEGE LIBRARY ★ Estd.-1948